

হামলার প্রতিবাদে ছাত্র-শিক্ষকদের কর্মসূচি পালন  
**ঢাকা ভার্শিটি থেকে ছাত্রদলের  
৫ জনকে বহিষ্কার**

৷ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ছাত্র এবং সাংবাদিকদের ওপর ছাত্রদলের হামলায় ঘটনার প্রতিবাদে শনিবার কাপাসনে মৌন মিছিল, সমাবেশ ও ভিসিকে হারকলিপি প্রদান কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থীরা। সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীদের উদ্যোগে এসব কর্মসূচি পালিত হয়। এদিকে প্রাথমিকভাবে ঘটনায় জড়িত সাবেক ছাত্রদলের ৫ কর্মীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। একইসঙ্গে ঘটনা তদন্তে কর্তৃপক্ষ ৫ সদস্যের তথ্যানুসন্ধান কমিটি গঠন করেছে। অন্যদিকে আমিনুল ইসলাম আমিনকে এক রহমান হলের সভাপতির পদ থেকে ছাত্রদল অব্যাহতি দিয়েছে। এছাড়া ছাত্রদলের হামলায় গতকাল আরো এক শিক্ষার্থী আহত হয়েছে। গতমাসে সাংবাদিক নির্ধারনের ঘটনায় ছাত্রলীগের ৩জনকে বহিষ্কার করা হয়েছে। গতকাল বেলা ১২টায় ছাত্র ও সাংবাদিকদের ওপর হামলাকারীদের শান্তির দাবিতে শিক্ষক ও শিক্ষার্থীরা কলা ভবনের সামনে থেকে মৌন মিছিল (১৫শ পৃঃ ৫-এর কঃ ৫ঃ)

**ঢাকা ভার্শিটি থেকে**

(প্রথম পৃঃ পর)

তক করেন। মিছিলে বিভাগের চেয়ারম্যান অধ্যাপক শেখ আবদুল সালম ও সাবেক চেয়ারম্যান অধ্যাপক আব্দুল আজিজ আরেফিন শিবিক ছড়াও বিভাগের শিক্ষক মোবারকত ফেরদৌস, মহিউর রহমান, কাবেরী খারেন, সাংবাদিকতা বিভাগের এগারুনাই প্রেসিডিয়েন্টের সাংগঠনিক সম্পাদক মোয়াজ্জেম হোসেন অংশ নেন। মিছিলটি কাপাস প্রদর্শন করে অপরাহ্নে বাফার পান্থপথে সমাবেশ পালিত হয়। বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র রিয়াদুল করিমের পরিচালনায় সমাবেশে বক্তারা বলেন, ছাত্রদল কাপাসে একের পর এক জড়ব চালিয়ে যাচ্ছে। তাদের রোধন থেকে সাধারণ শিক্ষার্থী এমনকি সাংবাদিকরাও বেহুই পাচ্ছেন না। কর্মসূচি শেষে শিক্ষার্থীরা ভিসি অধ্যাপক ড. এসএমএ হাফিজকে হারকলিপি প্রদান করে।

**ছাত্রদলের ৫ জনকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার**

বৃহস্পতিবার হাত সাড়ে ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ছাত্র এবং সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় ছাত্রদল ৫ কর্মীকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল দুপুরে ভিসি অধ্যাপক এসএমএ হাফিজ তাদেরকে বহিষ্কারের সিদ্ধান্ত নেন। বহিষ্কার হল আমিনুল ইসলাম আমিন (নৃবিজ্ঞান বিভাগ), বেলায়েত হোসেন (মাটিকলা), মাসুম (ইসলাম শিক্ষা), দিগির (ইতিহাস) ও সাইফুল (সমাজ বিজ্ঞান)। পরে সিভিকিট কমিটির সভায় অগ্নীপথ হলে ছাত্রলীগের চাঁদাবাড়ি, ছাত্রদলের হামলা ও জরুরি হক হলে সাংবাদিক নির্ধারনের ঘটনায় ৫ সদস্যের তথ্যানুসন্ধান কমিটি গঠন করা হয়। কলা অনুষদের তিন অধ্যাপক ড. সনজুল আমিনকে অব্যাহত করে গঠিত কমিটির অন্য সদস্যরা হলেন-সদস্য সচিব সিফিকুর রহমান, অধ্যাপক ড. আমিনুল ইসলাম, অধ্যাপক ড. মোতাক্কির রহমান, ড. রহমতউল্লাহ।

**ছাত্রদল থেকে ৩ জন বহিষ্কার**

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ছাত্র এবং সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় ছাত্রদল তিনজনকে বহিষ্কার করেছে। এর মধ্যে আমিনুল ইসলাম আমিনকে এক রহমান হলের সভাপতির পদ থেকে অব্যাহতি দেয়া হয়েছে। এছাড়া বেলায়েত ও দিগিরকে সংগঠন বিষয়ী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে ছাত্রদল বহিষ্কার করে। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি ফয়সাল নাদুন ও সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম কিরোয়াল এক বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্তের কথা জানান।

বৃহস্পতিবার হাত সাড়ে ১২টায় ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ছাত্র এবং সাংবাদিকদের ওপর হামলা করলে ৭ সাংবাদিকসহ কমপক্ষে ১০ জন আহত হন।

**ছাত্রদলের হামলায় আরেক ছাত্র আহত**

ছাত্রদলের নেতাকর্মীরা গতকাল সকালে কলা ভবনের সামনে পাঠি ও সংঘর্ষে বিভাগের প্রথম মেমিক্যালের ছাত্র বাজদুল করিম হানাত থেকে বেধড়ক পিটিয়েছে। ওরতর আহত অবস্থায় তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হয়। পরে তাকে ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারে স্থানান্তর করা হয়।

মহুকুল হক হল ও সূর্যসেন হলের ছাত্রদলের কর্মীরা ব্যক্তিগত পরকতার ধের ধরে তাকে পিটিয়েছে বলে জানা গেছে।

**ছাত্র লীগের তিন কর্মী বহিষ্কার**

গত মাসে ছাত্রলীগের হামলায় দৈনিক দেশ জনতার বিশ্ববিদ্যালয় রিপোর্টার শফিকুল ইসলামের আহত হওয়ার ঘটনায় জড়িত ছাত্রলীগ কর্মী মিষ্ট, হারহান ও মেহেদীকে হল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। গতকাল হল কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত গ্রহণ করে।